

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-২। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্ত ক্র: নং-৩। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্র: নং-৪। পাম্প মোটর ক্রয় কাজের টেকনিক্যাল স্পেসিফিকেশন।

সংযুক্ত ক্র: নং-৫। পাম্প মোটর ক্রয় ও স্থাপন কাজের প্রাক্কলন।

সংযুক্ত ক্র: নং-৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of different capacity Scum return pump motor set with related services under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্যাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। প্ল্যান্টের অভ্যন্তরে পয়ঃ পানি পরিশোধনের জন্য ৪ টি সেডিমেন্টেশন ট্যাংক রয়েছে। উক্ত সেডিমেন্টেশন ট্যাংকে স্লাজ কালেকটর মোটরের মাধ্যমে পয়ঃ এর মধ্যে বিদ্যমান স্লাজ সেডিমেন্টেশন করা হয়। যা পরবর্তিতে স্লাজে পাম্পের মাধ্যমে স্লাজ লেগুনে যায়। এছাড়া সেডিমেন্টেশন ট্যাংকে ডিভাইডিং চেম্বার হতে আগত প্লাস্টিক জাতীয় পয়লা-আবর্জ্যসহ অন্যান্য পার্টিকেল ও পানি সেডিমেন্টেশন ট্যাংকের এক প্রান্তে নিদিষ্ট চেম্বারে জমা হয়। যা পরবর্তিতে Scum return pump motor এর মাধ্যমে পাম্পিং করে পুনরায় ডিভাইডিং চেম্বারে পাঠানো হয় এবং ময়লা-আবর্জ্যনা ম্যানুয়ালি সংগ্রহ করা হয়। সেই কারনে Scum return pump motor গুলো সচল থাকা প্রয়োজন। উক্ত পাম্প মোটর সচল না থাকলে প্লান্ট অপারেশনে সমস্যা দেখা দেয়। সেই কারনে নতুন পাম্প মোটর ক্রয় করা প্রয়োজন। এছাড়া বিভিন্ন এস.এল.এস-এর ফ্লোর ডি-ওয়াটারিং পাম্প মোটর বেশ পুরাতন হওয়ায় মেরামতের অনুপযোগী হয়ে গিয়েছে। তাই নতুন পাম্প মোটর ক্রয় করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে “Supply of different capacity Scum return pump motor set with related services under PSTP” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৪৩,৯৯৫.০০(চব্বিশ লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত পচানব্বই) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের “পাম্প ক্রয়” (কোড ০১-০৪-০২২) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৬; প্যাকেজ নং- GP2 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৭৮(১) ধারা অনুসারে Open Tendering Method (OTM, e-GP) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of different capacity Scum return pump motor set with related services under PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৭৮(১) ধারা অনুসারে Open Tendering Method (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৪৩,৯৯৫.০০(চব্বিশ লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত পচানব্বই) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বরাদ্দকৃত বাজেটের “পাম্প ক্রয়” (কোড ০১-০৪-০২২) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।



12/05/26
সম্প্রতি মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


02/05/26
মোঃ হাসিবুল হাসান
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।



5.5.2026
মোঃ শাহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।



SE(WSTPC)


12/05/2026
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


C.E.

১.৬। প্রস্তাব অনুমোদিত,


CE


12/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।